গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (দ্বিতীয় সভা)**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নুরুন্নবী<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৩ নভেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বিএমডির সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলাফেরা করার জন্য অনুরোধ জানান। সভায় ইজারাপ্রত্যাশী/সেবাগ্রহীতা ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২১-২২ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে প্রথম কোয়ার্টারে ০১ টি সভা আয়োজন করা হয়েছে।

## ২.০ আলোচনা

সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত ০৫ টি জবাবদিহিমূলক উপকরণ নির্ধারণ করা হয়েছে যথা: এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার (আরটিআই)। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু উল্লেখিত বিষয়সমূহ সম্পর্কে সেবাগ্রহীতাদের ধারণা প্রদান করতে হবে। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডির সার্বিক কার্যক্রম বিষয়ে যে কোন অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। সেবা প্রাপ্তিকে কোন অভিযোগ থাকলে তারা ম্যানুয়ালি অথবা অনলাইন যে কোন পদ্ধতিতেই আবেদন করতে পারেন। সিটিজেন চার্টারের উল্লেখিত সেবাসমূহ অনলাইন জিআএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জিআরএস সফটওয়ারের মাধ্যমে কিভাবে অভিযোগ দায়ের কার যায় তা বিস্তারিতভাবে সেবাগ্রহীতাদের দেখান।

সেবাগ্রহীতাদের কাছে কোন অভিযোগ আছে কিনা জানতে চাওয়া হলে সাদামাটি/চীনামাটি সংক্রান্ত সেবা গ্রহীতাগণ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলেন, পরিবেশ অধিদপ্তর হতে গত ২০০৭ সালে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক "সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মালিকানাধীন বা দখলাধীন কিংবা ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠান বা কোন ব্যক্তি কর্তৃক পাহাড় ও টিলা কর্তন অথবা মোচন নিষিদ্ধ করা হইল। তবে শর্ত থাকে যে, অনিবার্য প্রয়োজনে, পরিবেশ

অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে পাহাড় ও টিলা কর্তন অথবা মোচন করা যাইবে''। তৎপ্রেক্ষিতে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো কর্তৃক সাদামাটি কোয়ারিসমূহের কার্যক্রম বন্ধ রয়েছে। বাংলাদেশ পরিবেশ আইনজীবি সমিতি (বেলা) কর্তৃক দায়েরকৃত রিটপিটিশন নং ১১৩৭৩/২০১৫ এর আদেশের পরিপ্রেক্ষিতে বর্তমানে কোয়ারি কার্যক্রম বন্ধ রয়েছে। উক্ত রিটপিটিশন এ পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিধি বিধান প্রতিপালন করে সাদামাটি/চীনামাটি উত্তোলন করা যাবে। পরিবেশ অধিদপ্তরে যোগাযোগ করেও পরিবেশগত ছাড়পত্র পাওয়া যাচ্ছে না মর্মে সেবা গ্রহিতাগণ জানান। এছাড়াও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০.০২.২০১৭ খ্রি. তারিখের পত্রে ''পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন, প্রাকৃতিক ভারসাম্য হিসেবে টিলা সংরক্ষণ এবং খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুসরণের প্রয়োজনে সাদামাটির কোয়ারিসমূহ হতে সকল প্রকার সাদামাটি উত্তোলন পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আপাতত বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ কারণে সাদামাটি কোয়ারি কার্যক্রম এখনও বন্ধ রয়েছে। সেবা গ্রহীতাগণ সরকারের বিধিবিধান প্রতিপালনপূর্বক সাদামাটি উত্তোলনের ব্যাপারে বিএমডি কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের ব্যাপারে অনুরোধ জানান।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নুরুন্নবী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৫১৬

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৮
১৩ ডিসেম্বর ২০২১

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৭) সেবাগ্রহীতা/ইজারাপ্রত্যাশী (সকল) জনাব........................;
৮) পি.এ টু মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৯) সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)